

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.০৯৯.২৩ নথির বিষয়: Repair-Maintenance of electric dual source at different pump station under MODS Circle-2, DWASA.

নোট: ১ নোটের বিষয়: Repair-Maintenance of electric dual source at different pump station under MODS Circle-2, DWASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৮/৮/২৩ ৬:২৪ অপরাহ্ন

অত্র বিভাগের অধীনে মডস সার্কেল-২ অর্থাৎ মডস জোন-৪/৫/৮/৯/১০ এর ৪৩১টি পাম্প স্টেশনে ২২৫টি ডুয়াল কুপসহ ৬৫৬টির অধিক কুপ পাম্প-মোটর চালু আছে। এর মধ্যে ১১২টি পাম্প-স্টেশনে বৈদ্যুতিক ডুয়াল সংযোগ বিদ্যমান। প্রতিটি পাম্প-স্টেশনে ইনভার্টার/ভিএফডি, এলটি প্যানেল স্টার্টার, পিএফআই প্লাস্ট, ও অন্যান্য আনুষঙ্গিক বৈদ্যুতিক ও যান্ত্রিক সরঞ্জামাদির মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ এফএম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। বর্তমানে অত্র বিভাগের আওতায় ৪৩১টি পাম্প স্টেশনে ১১২ টি পাম্পে দুটি করে বৈদ্যুতিক সংযোগ (ডুয়াল সোর্স) বিদ্যমান আছে। চলমান বৈদ্যুতিক লোড শেডিং এর কারনে যে সকল পাম্প স্টেশনে জেনারেটর নাই সেখানে তাছাড়া যে সকল পাম্প স্টেশনের বৈদ্যুতিক ডুয়াল সংযোগ অচল সেখানেও লোড শেডিং হওয়ায় ঘন ঘন পাম্প মোটর বন্ধ হয়ে এলাকায় তীব্র পানি সংকট সৃষ্টি হচ্ছে। অচল বৈদ্যুতিক ডুয়াল সংযোগগুলো পুনরায় চালু করার ব্যবস্থা নেয়ার জন্য মডস জোন হতে অনুরোধ করা হয়েছে (মডস জোন হতে প্রাপ্ত পত্রের কপি)। বিভিন্ন মডস জোন হতে টেলিফোনে প্রাপ্ত অভিযোগ ও চিঠির প্রেক্ষিতে পাম্প স্টেশন সমূহ পরিদর্শন করে বৈদ্যুতিক ডুয়াল সংযোগের লাইন অচল, চেঞ্জওভার সমস্যা, ডুয়াল লাইন নতুন করে প্রতিস্থাপনসহ বিভিন্ন ত্রুটি পাওয়া গেছে। বিভিন্ন সময়ে বৈদ্যুতিক লোড শেডিং হওয়ায় এবং ডুয়াল সংযোগ অকার্যকর থাকায় দীর্ঘ সময় পাম্প বন্ধ হয়ে এলাকায় পানির সংকট সৃষ্টি হচ্ছে। সেই কারনে জরুরী ভিত্তিতে আলোচ্য কাজ সমূহ সম্পন্ন করে ডুয়াল সংযোগ চালু করা প্রয়োজন। উপরোক্ত বর্ণনার আলোকে মডস সার্কেল-২ এর আওতাধীন বিভিন্ন পাম্প-স্টেশনের বৈদ্যুতিক ডুয়াল সংযোগ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করার জন্য পিডব্লিউডি রোট সিডিউল, ঢাকা ওয়াসার রোট সিডিউল এবং পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে, যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে =৪,৯৮,৫১৩.৩০৭/- (চার লক্ষ আটানব্বই হাজার পাচশত তের দশমিক তিন শূন্য সাত মাত্র) টাকা। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত বাৎসরিক কর্ম-পরিকল্পনার ক্রমিক নং-৪৪ প্যাকেজ নং-পি.ডব্লিউ-৩৮ এ এলটিএম (ই-জিপি) তে অন্তর্ভুক্ত করা আছে। উল্লেখ্য উক্ত কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৪):

- ১। অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বৎসরের অনুমোদিত বাৎসরিক কর্ম-পরিকল্পনার কপি।
- ২। মডস জোন হতে প্রাপ্ত পত্রের কপি।
- ৩। পিডব্লিউডি রোট সিডিউল, ঢাকা ওয়াসার রোট সিডিউল এবং পূর্বানুমোদিত দরের ফটোকপি।
- ৪। আলোচ্য কাজের প্রাক্কলন ও প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৮/৮/২৩ ৬:২৭ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ ধারা অনুযায়ী সীমিত দরপত্র (এলটিএম ই-জিপি) পদ্ধতিতে আহবান করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৮/৮/২৩ ৬:২৮ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে তথা Repair-Maintenance of electric dual source at different pump station under MODS Circle-2, DWASA কাজে উপস্থাপিত মোট =৪,৯৮,৫১৩.৩০৭/- (চার লক্ষ আটানব্বই হাজার পাচশত তের দশমিক তিন শূন্য সাত মাত্র) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতি (এলটিএম ই-জিপি) এ দরপত্র আহবান করার অনুমোদন দেয়া যেতে পারে।

৮/৮/২৩ ৬:৪৬ অপরাহ্ন
মোঃ আনিসুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

৮/৮/২৩ ৭:৫৬ অপরাহ্ন
মোঃ মাহবুবুল হক প্রামানিক
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২

৮/৮/২৩ ৮:২০ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

৯/৮/২৩ ১২:২২ অপরাহ্ন
মোঃ আরিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

৯/৮/২৩ ১২:২২ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৯/৮/২৩ ৬:৩৭ অপরাহ্ন


অনুমোদিত



৯/৮/২৩ ৬:৩৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



৯/৮/২৩ ৬:৪১ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২



৯/৮/২৩ ৭:১৮ অপরাহ্ন
মোঃ মাহবুবুল হক প্রামানিক
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২



৯/৮/২৩ ৮:৩৮ অপরাহ্ন
মোঃ আনিসুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা